



সূচিপত্র

:



এ. মূল বিষয় নিয়ে শুরু করা যাক

2

- ১. মূলধনী বাজার কি?
- ২. সিকিরিউটিজ কি? মুখ্য এবং গৌণ বাজারের অর্থ কি?
- ৩. মূলধনী বাজারে NSDL-এর ভূমিকা কি?
- ৪. কিভাবে NSDL ডিম্যাট অ্যাকাউন্ট খুলতে হয়?
- ৫. আপনি আপনার NSDL ডিম্যাট অ্যাকাউন্ট নিয়ে কি করতে পারেন?



বি. NSDL ডিম্যাট অ্যাকাউন্টের সুবিধাসমূহ

5

- ১. NSDL স্পীড-ই পরিষেবা
- ২. NSDL মোবাইল অ্যাপ এবং IDeAS পরিষেবা
- ৩. NSDL একত্রিত অ্যাকাউন্টের বিবরণী (CAS)
- ৪. NSDL ই-ভোটিং পরিষেবা



সি. একজন বিচক্ষণ বিনিয়োগকারী হওয়া

7

- ১. আপনার বিচক্ষণ বিনিয়োগকারী হওয়া নিশ্চিত করুন
- ২. আপনার ডিম্যাট অ্যাকাউন্টের বিষয়ে যত্নবান হওয়া



ডি. আরো তথ্য

9

- ১. IEPF থেকে না পাওয়া ডিভিডেণ্ড/শেয়ারের অর্থ ফেরত দাবি করা
- ২. সিকিউরিটি হস্তান্তরের জন্য ডিম্যাট বাধ্যতামূলক
- ৩. অ-তালিকাভুক্ত পাব্লিক সংস্থাগুলির জন্য ডিম্যাট বাধ্যতামূলক
- ৪. বিনিয়োগকারী সচেত্রনতা কর্মসূচী
- ৫. অভিযোগ সমাধান
- ৬. অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাসমূহ

এই প্রকাশনা হল NSDL বিনিয়োগকারী সুরক্ষা তহবিল ট্রাস্টের একটি প্রচেষ্টা



প্রিয় পাঠক,

আপনার NSDL-এ প্রতি আগ্রহের জন্য আপনাকে 'ধন্যবাদ জানাই'।

NSDL-এ আমরা বিশ্বাস করি যে প্রতি ভারতীয়র কেবলমাত্র একজন বিনিয়োগকারী না হয়ে একজন 'বিচক্ষণ বিনিয়োগকারী' হওয়া উচিত। আমরা আপনার এই পুস্তিকাটি পড়ার সিদ্ধান্তের তারিফ করি এবং আমরা নিশ্চিত যে প্রদত্ত তথ্য থেকে আপনি উপকৃত হবেন। এই পুস্তিকাতে প্রদত্ত তথ্য আপনাকে একজন 'বিচক্ষণ বিনিয়োগকারী' হয়ে ওঠার দিকে পদক্ষেপ গ্রহণে সহায়তা করবে।

NSDL-এর বিষয়ে সংক্ষিপ্ত ভূমিকা ছাড়াও, আমরা বিভিন্ন পরিষেবাগুলি সংক্ষেপে বিবৃত করেছি যা আপনার NSDL ডিম্যাট অ্যাকাউন্ট খোলার পরে আমরা প্রদান করে থাকি। যদি আপনার আরো কোন তথ্যের বা ব্যাখ্যার প্রয়োজন হয়, অনুগ্রহ করে বিনা দ্বিধায় আমাদের সাথে যোগাযোগ করুন।

শুভেচ্ছা সহ, NSDL টীম





П





এ. মূল বিষয় নিয়ে শুরু করা যাক

১) মূলধনী বাজার কি?

সরলভাবে বলতে গেলে, মূলধনী বাজার হল মূলধন বা পুঁজির জন্য একটি বাজার, যেখানে যারা তাদের ব্যবসায়িক উদ্দেশ্যে পুঁজির প্রয়োজনে সেইসব ব্যক্তিদের খোঁজ করেন যারা তা প্রদান করতে ইচ্ছুক থাকেন। অন্য কথায় বলতে গেলে, মূলধনী বাজার হল একটি বাজার যেখানে ব্যক্তিরা বিভিন্ন প্রকারের আর্থিক সনদপত্র ক্রয়-বিক্রয়ে জড়িত থাকেন। এত থাকেন একজন নিয়ন্ত্রক (SEBI), স্টক এক্সচেঞ্জগুলি (NSE/BSE, ইত্যাদি), ডিপোজিটোরিগুলি (NSDL/CDSL) এবং অন্যান্য মধ্যস্থতাকারী যেমন স্টক ব্রোকার্স, DPs, কাস্টোডিয়ানগণ, মার্চেন্ট ব্যাঙ্কাররা, ইত্যাদি।

২) সিকিউরিটিস কি? মুখ্য এবং গৌণ বাজার-এর অর্থ কি?

সিকিউরিটিস হল বিভিন্ন প্রকারের আর্থিক সনদপত্র যেগুলি মূলধনী বাজারে লেনদেন করা হয়। অন্য কথায় বলতে গেলে, এইসব সনদপত্রের মাধ্যমে পুঁজি সরবরাহকারীদের দ্বারা পুঁজি সন্ধানকারীদের পুঁজি প্রদানের সুবিধা দেওয়া হয়। এটি বোঝার জন্য একটি উদাহরণ দেওয়া যাক। মি.এ হলেন একজন বিখ্যাত উদ্যোগপতি এবং এবিসি লিমিটেডের পরিচালন অধিকর্তা। তিনি এবিসি লিমিটেড নামে একটি নতুন সিমেন্ট কারখানা শুরু করতে চান। এতে প্রচুর পরিমাণে অর্থের (মূলধন) প্রয়োজন যা তিনি নিজে অথবা এবিসি লিমিটেড যোগাড় করতে অসমর্থ আছেন। তাই তিনি মূলধনী বাজারে প্রবেশ করে পুঁজির বিনিময়ে ইক্যুইটি শেয়ার প্রদান করার সিদ্ধান্ত নিয়েছেন। তাই এই সংস্থা একটি প্রারম্ভিক পাব্লিক অফার বা আইপিও (প্রারম্ভিক কারণ যে এবিসি লিমিটেড সর্বপ্রথম অবাধে জনগণের থেকে পুঁজি সংগ্রহ করছে)। জনগণ একটি সম্মত মূল্যের বিনিময়ে শেয়ারের জন্য আবেদন করতে পারে। যথাযথ প্রক্রিয়ার শেষে, সংস্থাতার ব্যাংক অ্যাকাউন্টে পুঁজি পেয়ে থাকে এবং আবেদনকারীদের শেয়ার ইস্যু করে, এবং এর দ্বারা তাদের সংস্থার শেয়ারহাল্ডার করে নেয়।

উপরে উল্লেখিত শেয়ার হল এক ধরণের সিকিউরিটি। অন্যান্য উদাহরণ হল – ডিবেঞ্চার, বণ্ড, মিউচুয়াল ফাণ্ড, বাণিজ্যিক কাগজ, সার্টিফিকেট অফ্ ডিপোজিট, সরকারী সিকিউরিটি, ইত্যাদি।

ইস্যুকারী দ্বারা সাধারণ জনসাধারণের মধ্যে শেয়ার বা সিকিউরিটি ইস্যু করা হল 'মুখ্য বাজার'। স্টক এক্সচেঞ্জ হল ইতিমধ্যে ইস্যু এবং লেনদেন করা সিকিউরিটি লেনদেনের জন্য বাজারক্ষেত্র ক্রেয় এবং বিক্রয়), যাকে 'গৌণ বাজার' বলা হয়। যেকোন শেয়ারহোল্ডার তার শেয়ার বিক্রির জন্য সেবি (SEBI) নিবন্ধিকৃত স্টক ব্রোকার BSE অথবা NSE-এর মতন স্টক এক্সচেঞ্জ দ্বারা প্রদন্ত প্ল্যাটফর্মে এই সুবিধা দিতে পারেন। যেকোন ব্যক্তি সম্মত দামে অর্থপ্রদানের বিনিময়ে তার স্টক ব্রোকারের মাধ্যমে এই শেয়ারগুলিক্রয় করতে পারেন।

৩) মূলধনী বাজারে NSDL-এর ভূমিকা কি?

১৯৯৬ সালে প্রতিষ্ঠিত NSDL বর্তমানে বিশ্বের সর্ববৃহত্ ডিপোজিটোরি (পুঁজিভাণ্ডার)। ডিপোজিটোরি হিসাবে এটি শেয়ার এবং অন্যান্য প্রকারের সিকিউরিটিকে ইলেকট্রনিক আকারে, অর্থাত্ বৈদ্যুতিন আকারে ধরে রাখতে পারে। একটি ডিম্যাট অ্যাকাউন্ট খুলে, কোন ব্যক্তি সিকিউরিটিগুলিকে ইলেকট্রনিক আকারে ধরে রাখতে পারেন এবং তার ডিম্যাট অ্যাকাউন্ট থেকে অন্য কোন ডিম্যাট অ্যাকাউন্ট সিকিউরিটি স্থানান্তর করতেও পারেন।

ভারতীয় মূলধনী বাজারে NSDL-এর অবদান বিশ্বে এটিকে বহুবিধ দিকে এক অন্যতম অগ্রগণ্য মূলধনী বাজারে পরিণত করেছে। বিভিন্ন পণ্যসামগ্রী এবং পরিষেবার জন্য আধুনিকতম প্রযুক্তি গ্রহণ এবং দেশের মধ্যে অদ্বিতীয়ভাবে নাগালসাধ্য থাকার সাথে সাথে, NSDL বিনিয়োগকারী এবং অন্যান্য মধ্যস্থতাকারীদের আস্থা অর্জন করেছে, এবং এইভাবে তার ট্যাগ লাইন – প্রযুক্তি, আস্থা ও নাগালসাধ্য-কে প্রকৃতই সত্য বলে প্রতিপন্ন করতে সক্ষম হয়েছে।

NSDL বিনিয়োগকারী, তার নেটওয়ার্কের মাধ্যমে ২৭৮টি DPs (ডিপোজিটোরি অংশগ্রহণকারী) স্টক ব্রোকার, স্টক এক্সচেঞ্জ, কাস্টোডিয়ান, ইত্যাদিকে এক গুচ্ছ পরিষেবা প্রদান করছে। অনেক বৃহত্ ব্যাংক (সরকারী, বেসরকারী এবং সমবায় ব্যাংক), স্টক ব্রোকার এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ DPs হিসাবে NSDL-এ যোগদান করেছে। NSDL DPগুলি সারা দেশে এবং এমনকি বিদেশের কয়েকটি শাখা নিয়ে ৩১,১০০ পরিষেবা কেন্দ্র থেকে কাজ করছে। NSDL এবং অংশগ্রহণকারীদের তালিকা এবং তাদের পরিষেবা কেন্দ্রগুলি NSDL ওয়েবসাইট www.nsdl.co.in-এ উপলব্ধ আছে।

৪) কিভাবে একটি NSDL ডিম্যাট অ্যাকাউন্ট খুলতে হয়?

ডিম্যাট অ্যাকাউন্ট খোলা খুবই সহজ। আপনাকে যা করতে হবে তা হল কোন NSDL DP-র কাছে আবেদন করতে হবে যা আপনাকে নিয়মকানুনগুলি সম্পূর্ণ করতে সাহায্য করবে। আপনাকে পরিচয়পত্রের প্রমাণ এবং ঠিকানার প্রমাণ পেশ করতে হবে। এছাড়াও, ডিম্যাট অ্যাকাউন্ট খুলতে হলে প্যান (PAN) হল বাধ্যতামূলক। উপরন্তু, আপনাকে আপনার ব্যাংক অ্যাকাউন্টের বিশদ তথ্যও প্রদান করার প্রয়োজনও পডবে।

আপনার ডিম্যাট অ্যাকাউন্ট খোলার পরে, আপনার DP আপনাকে DP আইডি এবং গ্রাহক আইডি, আপনার ডিম্যাট অ্যাকাউন্ট সম্পর্কিত বিশদ তথ্য সহ গ্রাহক মাস্টার রিপোর্টের একটি প্রতিলিপি, ট্যারিফ শীট এবং লভ্যাংশের মালিক ও ডিপোজিটোরি অংশগ্রহণকারীর অধিকার এবং দায়দায়িত্ব প্রদান করবে। আপনাকে অবশ্যই গ্রাহক মাস্টার রিপোর্ট যাচাই করতে হবে আপনার সমস্ত বিশদ তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কি না তা আপনাকে নিশ্চিত হতে হবে। যদি আপনি শেয়ার, ইত্যাদিতে লেনদেন করতে চান (অর্থাত্ ক্রয় বা বিক্রয়), আপনার যেকোন SEBI-তে নিবন্ধিত স্টক ব্রোকারের সাথে একটি ট্রেডিং/ব্রোকিং খোলারও প্রয়োজন হবে। এরকম অনেক ব্যাংক DPs আছে যা বিনিয়োগকারীদের জন্য ১-এ-৩টি ব্যবস্থার সুবিধা দিচ্ছে (১-এ-৩টি হল ডিম্যাট অ্যাকাউন্ট, ট্রেডিং অ্যাকাউন্ট এবং ব্যাংক আ্যাকাউন্টের সমাহার)।

৫) আপনি আপনার NSDL ডিম্যাট অ্যাকাউন্টে কি করতে পারেন?

আপনার NSDL ডিম্যাট অ্যাকাউন্টে আপনি গুরুত্বপূর্ণ যা কিছু করতে পারেন তার তালিকা নীচে দেওয়া হল-

- i) আপনি IPOs এবং NFOs-এর জন্য আবেদন করতে পারেন। আবেদনপত্রে আপনার DP আইডি এবং গ্রাহক আইডি সঠিকভাবে উল্লেখ করতে ভুলবেন না। একই ডিম্যাট অ্যাকাউন্ট শেয়ার এবং অন্যান্য সিকিউরিটি কিনতে এবং ধরে রাখার জন্য ব্যবহৃত হতে পারে।
- ii) আপনি স্বয়ংক্রিয়ভাবে সমস্ত কর্পোরেট সুবিধা (বোনাস, রাইটস ইস্যু, ইত্যাদি) আপনার ডিম্যাট অ্যাকাউন্টে পাবেন। আপনার সংস্থা দ্বারা ঘোষিত ডিভিডেণ্ড, সুদ অথবা আপনার বণ্ড বিনিয়োগে প্রাপ্য মেয়াদপূর্ণের শেষে অর্থ, ইত্যাদি প্রকারের নগদ সুবিধা আপনার ডিম্যাট অ্যাকাউন্টের সাথে সংযুক্ত ব্যাংক অ্যাকাউন্টে জমা পড়বে। অনুগ্রহ করে নিশ্চিত করুন সঠিক ব্যাংক অ্যাকাউন্টের বিশদ তথ্য যেন আপনার ডিম্যাট অ্যাকাউন্টে লিপিবদ্ধ থাকে।
- iii) 'শেয়ারের পরিবর্তে ঋণ' সুবিধা পাওয়ার জন্য আপনি আপনার ডিম্যাট অ্যাকাউন্টটি ব্যবহার করতে পারেন যা অনেক ব্যাংক বা প্রতিষ্ঠান বিনিয়োগ সনদপত্র বিক্রি না করেই আপনার আর্থিক প্রয়োজন মেটানোর জন্য সুবিধা দিয়ে থাকে।
- iv) আপনি আপনার বিনিয়োগ শেয়ার, বণ্ড, ডিবেঞ্চার্স, সরকারী সিকিউরিটি, সার্বভৌম স্বর্ণবণ্ড, ইত্যাদি কাগজের আকারে এবং স্টেটমেন্ট আকারে রক্ষিত মিউচ্যুয়াল ফাণ্ড আপনার DP-এর মাধ্যমে ডিম্যাট ফর্মে রূপান্তর করতে পারেন।
- v) আপনি একই ডিম্যাট অ্যাকাউন্টে আপনার মিউচ্যুয়াল ফাণ্ডের বিনিয়োগ রাখতে পারেন। ডিম্যাট অ্যাকাউন্টে মিউচ্যুয়াল ফাণ্ডের সনদপত্র ধরে রাখলে তা আপনার পক্ষে অনেক সহজ হবে। আপনি যে কেবলমাত্র NSDL CAS-এর মাধ্যমে একই স্থান থেকে আপনার পোর্টফোলিওর উপর নজরদারি করতে পারবেন তাই নয়, যদি আপনি আপনার কোন ব্যক্তিগত তথ্যের পরিবর্তন করতে চেয়ে বিভিন্ন মিউচ্যুয়াল ফাণ্ড সংস্থাকে জ্ঞাপন করার প্রয়োজন বোধ করেন, এটি বিভিন্ন মিউচ্যুয়াল সংস্থার অফিসের সাথে যোগাযোগা করার সেই সময়ও বাঁচায়, যেমন ব্যাংকের বিশদ তথ্য বা মনোনীত ব্যক্তি, ইত্যাদি, আপনি আবেদনপত্রে শুধুমাত্র আপনার DP আইডি এবং গ্রাহক আইডি উল্লেখ করে ডিম্যাট ফর্মে মিউচ্যুয়াল ফাণ্ডের সনদপত্রগুলিকে সাবস্ক্রাইব করতে পারেন। এমনকি SIP-এর মাধ্যমে মিউচ্যুয়াল ফাণ্ডে বিনিয়োগও ডিম্যাট অ্যাকাউন্টের মাধ্যমে সম্ভব হয়়। মিউচ্যুয়াল ফাণ্ডের সনদপত্র ভাঙানোর জন্য বা পুনরায় ক্রয়ের জন্য, আপনি আপনার DP-কে নির্দেশ দিতে পারেন বা NSDL-এর SPEED-eসুবিধা নিতে পারেন।
- vi) আপনি আপনার ডিম্যাট অ্যাকাউন্টের মাধ্যমে সংস্থাকে আপনার শেয়ারগুলি জমা দিয়ে বাই-ব্যাক সুবিধাতেও অংশগ্রহণ করতে পারেন।
- vii) আপনার ডিম্যাট অ্যাকাউন্ট পরিচালনা করার জন্য, আপনাকে নির্দিষ্ট ফর্মে আপনার DP-কে নির্দেশ দিতে হবে। বিকল্পভাবে, আপনি NSDL-এর SPEED-e পরিষেবার দ্বারা যেকোন স্থান থেকে যেকোন সময়ে আপনার DP-কে বৈদ্যুতিনভাবে নির্দেশ দিতে পারেন।

ডিম্যাটের জন্য কাগজের সিকিউরিটিগুলি উপলব্ধ আছে কি না তা দেখার জন্য https://nsdl.co.in/master_search.php -এ উপলব্ধ আছে।

(4)









বি. NSDL ডিম্যাট অ্যাকাউন্টের সুবিধাসমূহ

১) NSDL SPEED-e পরিষেবা

SPEED-ই (স্পীড়ি হিসাবে উচ্চারিত হয়) হল একটি ইন্টারনেট ভিত্তিক সুবিধা যা NSDL প্রদান করে থাকে। এটি ডিম্যাট অ্যাকাউন্ট হোল্ডারকে ইলেকট্রনিক আকারে বন্টন করা, বন্ধক রাখা এবং মিউচ্যুয়াল ফাগু ভাঙ্গানো সম্পর্কিত নির্দেশাবলী দিতে সমর্থ করে, এইরূপে এই প্রক্রিয়াকে খুবই দুত, নিরাপদ এবং কার্যকর করে তোলে। ডিম্যাট অ্যাকাউন্ট হোল্ডার এই পরিষেবা পেতে পারেন যদি তার DP এই পরিষেবার সুবিধা দেয়।



আরো তথ্যের জন্য অনুগ্রহ করে https://eservices.nsdl.com/ দেখুন।

২) NSDL মোবাইল অ্যাপ এবং IDeAS পরিষেবা

NSDL তার বিনিয়োগকারীদের জন্য একটি মোবাইল অ্যাপ উদ্ভাবন করেছে। আপনি তা ডাউনলোড করতে পারেন এবং যেকোন সময়ে যেকোন স্থানে আপনার ব্যালেন্স দেখার জন্য এবং ই-ভোটিংয়ে অংশগ্রহণ করার জন্য আপনার মোবাইলে আপনার ডিম্যাট অ্যাকাউন্টে NSDL মোবাইল অ্যাপের ব্যবহার করতে পারেন। এটি গুগল প্লে স্টোর এবং অ্যাপ স্টোরে উপলব্ধ আছে এবং একদম বিনামূল্যে পাওয়া যায়।



৩) NSDL ই-ভোটিং পরিষেবা

NSDL ইলেকট্রনিক ভোটিং (ই-ভোটিং) প্ল্যাটফর্ম প্রতিটি শেয়ারহোল্ডারকে বৈঠকের অবস্থানে শারীরিকভাবে উপস্থিতির প্রয়োজন ছাড়াই অনলাইনে ভোট দেবার অধিকার প্রয়োগ করতে দেয়, ই-ভোটিং স্পীড-ই-র সাথে সাথে NSDL মোবাইল অ্যাপের সাথে সুসংহত করা হয়েছে।



আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.evoting.nsdl.com/ দেখুন।

India Bond Info

একই স্থানে বিভিন্ন বণ্ড এবং ডিবেঞ্চারের বিষয়ে তথ্য। দেখুন https://www.indiabondinfo.nsdl.com







5) NSDL একব্রিত অ্যাকাউন্টের বিবরণ (CAS)

- i) NSDL প্রতি ডিম্যাট অ্যাকাউন্ট হোল্ডারকে তার সমস্ত ডিম্যাট অ্যাকাউন্ট (গুলি) এবং মিউচ্যুয়াল ফাণ্ড বিনিয়োগগুলিকে অ্যাকাউন্টের বিবরণী আকারে একটি একত্রিত অ্যাকাউন্ট বিবরণী (CAS) পাঠিয়ে থাকে। প্রথম হোল্ডারের প্যান-এর ভিত্তিতে হোল্ডিংগুলি একত্রিত করা হয়ে থাকে।
- ii) এই বিবরণ প্রতি মাসে পাঠানো হয়ে থাকে যদি সেই মাসে অ্যাকাউন্টে কোন লেনদেন হয়ে থাকে। যদি আপনি আপনার ইমেল আইডি দিয়ে থাকেন এবং DP-তে সম্মতি দিয়ে থাকেন, আপনাকে ইমেলে বিবরণী পাঠানো হবে।
- iii) আপনার সমস্ত ডিম্যাট অ্যাকাউন্ট এবং মিউচ্যুয়াল ফাণ্ড ফোলিওতে ধরা আপনার প্রতিটি বিনিয়োগের জন্য বিবরণীর সময়কাল এবং শেষের ব্যালেন্স দেখে নেবেন।
- iv) বিবরণ আপনার প্রতিটি বিনিয়োগের মূল্য, একত্রিত পোর্টফোলিও মূল্য এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ পোর্টফোলিওয়ের মূল্যের পরিবর্তনের রেখচিত্র দেখায়।
- v) এটি অন্যান্য বিশদ তথ্যও দেখায় যেমন আপনার কেওয়াইসি (KYC) আপ-টু-ডেট আছে কি না, ইমেল আইডি এবং আপনার মিউচ্যুয়াল ফাণ্ডে উল্লেখিত মোবাইল নম্বর, ইত্যাদি। যদি আপনি কোন অসামঞ্জস্য লক্ষ্য করেন বা কোন আপডেটিংয়ের প্রয়োজন পড়ে, আপনি মিউচ্যুয়াল ফাণ্ড সংস্থা বা এর রেজিস্ট্রারের সাথে যোগাযোগ করতে পারেন।
- vi) বিবরণী প্রাপ্ত না হলে বা যদি আপনি বিবরণীতে কোন অসঙ্গতি পান, অনুগ্রহ করে অবিলম্বে আপনার DP-র সাথে যোগাযোগ করুন।
- vii) NSDL https://nsdlcas.nsdl.com -এ একটি অনলাইন সুবিধা বিকশিত করেছে যাতে NSDL ডিম্যাট অ্যাকাউন্ট হোল্ডাররা NSDL থেকে ইমেলের (e-CAS) মাধ্যমে CAS পাওয়ার জন্য NSDL-কে সরাসরি ইমেল আইডি প্রদান করতে পারেন।













সি. একজন বিচক্ষণ বিনিয়োগকারী হওয়া

১) নিশ্চিত করুন যে আপনি একজন বিচক্ষণ বিনিয়োগকারী...



মূলধনী বাজারে যেকোন বিনিয়োগের জন্য সবসময় SEBI নিবন্ধিত স্টক ব্রোকারের সাথে লেনদেন করুন।



স্বাক্ষর করার পূর্বে সমস্ত নথিপত্র ভালভাবে পড়ে নেবেন।



স্বাক্ষরিত নথিপত্র, অ্যাকাউন্টের বিবরণ, প্রাপ্ত চুক্তির নোটসমূহ এবং পরিশোধ্য অর্থের রেকর্ড রাখুন।



নিয়মিত বিরতিতে এগুলির আর্থিক লক্ষ্য এবং। পোর্টফোলিও পর্যালোচনা করুন।



কার্যকর নজরদারির জন্য মোবাইল নম্বর এবং ইমেল আইডি রেজিস্টার করুন এবং মোবাইল অ্যাপ,NSDL e-CAS, IDeAS ইত্যাদির মত NSDL সুবিধা ব্যবহার করুন।



মিউচ্যুয়াল ফাণ্ড সংক্রান্ত যেকোন পরিষেবার জন্য সবসময় AMFI নিবন্ধিত মিউচ্যুয়াল ফাণ্ড বণ্টনকারীর সাথে লেনদেন করুন।



সবসময় ব্যাঙ্ক্ষিং পদ্ধতিতে অর্থাত্ নগদবিহীন লেনদেনের সাহায্যে বিনিয়োগ করুন।

П






২) ডিম্যাট অ্যাকাউন্টের বিষয়ে যত্নবান হওয়া

আপনি আপনার ডিম্যাট অ্যাকাউন্টে মূল্যবান বিনিয়োগপত্র রেখে থাকেন। যখন আপনি NSDL ডিম্যাট অ্যাকাউন্টের বিভিন্ন বৈশিষ্ট্যের সুবিধা নেবেন তখন আপনার বিনিয়োগ যেন নিরাপদে থাকে সেটি নিশ্চিত করতে নীচে তালিকাভুক্ত কিছু নির্দিষ্ট প্রাথমিক বিষয়ে যত্নবান হওয়া খুবই গুরুত্বপূর্ণ।

- i) আপনার ব্যক্তিগত তথ্যের কোন পরিবর্তন (যেমন ঠিকানা) অথবা আপনার ডিম্যাট অ্যাকাউন্টের সাথে যুক্ত ব্যাংক অ্যাকাউন্টের বিষয়ে বিশদ তথ্য সত্বর আপনার DP-কে জানান এবং সিস্টেমে আপডেটিংয়ের বিষয়ে নিশ্চিত করুন।
- ii) আপনার ডিম্যাট অ্যাকাউন্টে মনোনয়নের সুবিধা নিন। এটি অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যুতে শেয়ার হস্তান্তরের প্রক্রিয়াকে সরল করে। আপনি আপনার ডিম্যাট অ্যাকাউন্টে ৩জন অবধি মনোনীত ব্যক্তির নাম উল্লেক করতে পারেন। আপনি যখনই চাইবেন মনোনীত ব্যক্তি (গুলি)র নাম পরিবর্তন করতে পারবেন।
- iii) আপনার ডিম্যাট অ্যাকাউন্ট চালনা করার জন্য যেকোন ব্যক্তিকে ওকালতনামা মঞ্জুর করার পূর্বে, মনোযোগসহকারে ক্ষমতা মঞ্জুরীর পরিধি এবং তাতৃপর্য পরীক্ষা করুন।
- iv) বিতরণ নির্দেশ স্লিপ (DIS) বই আপনার DP-র থেকে গ্রহণ করুন কেবলমাত্র যদি প্রতিটি স্লিপ আপনার গ্রাহক আইডিযুক্ত হয়ে ক্রমিক সংখ্যা অনুযায়ী মুদ্রিত হয়ে থাকে এবং আপনি সেগুলি আপনার নিরাপদ হেফাজতে রাখুন। কোন খালি ফর্মে অথবা DIS-এস্বাক্ষর করবেন না। সম্পূর্ণভাবে ফর্মটি পূরণ করার কথা মনে রাখবেন এবং কেবলমাত্র তারপরেই স্বাক্ষর করবেন।
- v) এসএমএস অ্যালার্ট পাওয়ার জন্য এবং NSDL থেকে সরাসরি নিয়মিত আপডেটের জন্য অ্যাকাউন্ট খোলার ফর্মে আপনার মোবাইল নম্বর এবং ইমেল আইডি উল্লেখ করুন। এই সুবিধার জন্য আপনার কাছ থেকে কোন মাশুল ধার্য্য করা হয় না। যদি আপনি আপনার মোবাইল নম্বর বা ইমেল আইডির পরিবর্তন করেন, নির্দিষ্ট উপায়ে সত্বর আপনার DP-কে জানান এবং সিস্টেমে আপডেটিংয়ের বিষয়ে নিশ্চিত করুন। এটি NSDL থেকে আপনার অ্যালার্ট বিজ্ঞপ্তি পেতে থাকা নিশ্চিত করবে।
- vi) NSDL থেকে ইমেলের মাধ্যমে আপনার সমস্ত বিনিয়োগের বিষয়ে একটি একত্রিত বিবরণ পেতে <u>https://nsdlcas.nsdl.com</u>-এNSDL e-CAS-এর গ্রাহক হন।
- vii) NSDL আপনাকে NSDL-এর বিভিন্ন পণ্য/পরিষেবা এবং ডিপোজিটারি সিস্টেমের অন্যান্য বৈশিষ্ট্যের বিষয়ে আপডেট করার জন্য 'The Financial Kaleidoscope' নামে একটি মাসিক নিউজলেটার প্রকাশ করে থাকে।

অনুগ্রহ করে https://nsdl.co.in/e-newsletter.php-এ আপনার ইমেল প্রদান করে এখনই এর গ্রাহক হন।







ডি. আরো তথ্য

১. IEPF থেকে না পাওয়া ডিভিডেণ্ড/শেয়ারের অর্থ ফেরত দাবি করা

সমস্ত ডিভিডেগু এবং শেয়ার যেগুলির অর্থপ্রদান করা হয় নি বা যেকোন কারণে পর পর সাত বছর দাবিহীন হয়ে রয়েছে, সেগুলি সেই সেই সংস্থা দ্বারা ইনভেস্টর এড়্যুকেশন এবং প্রোটেকশন ফাগু (IEPF) কর্তৃপক্ষের কাছে স্থানান্তরিত হয়। IEPF কর্তৃপক্ষ হল একটি সংবিধিবদ্ধ সংস্থা, যা কম্প্যানিস অ্যাক্ট ২০১৩-এর প্রবিধান অনুযায়ী গঠিত হয়েছে। বিনিয়োগকারী বা তার অনুমোদিত প্রতিনিধিকে IEPF কর্তৃপক্ষের কাছে অপরিশোধিত ডিভিডেগু এবং/অথবা দাবিহীন শেয়ার পাওয়ার জন্য দাবি পেশ করার প্রয়োজন হয়। দাবিদারকে IEPF ফর্ম-৫ ডাউনলোড করতে হবে, সেটি পূরণ করতে হবে এবং IEPF কর্তৃপক্ষের কাছে অনলাইনে আপলোড করে পাঠাতে হবে। এছাড়াও, অনলাইনে দাবি ফর্ম এবং প্রাপ্তিশ্বীকার অবশ্যই মুদ্রিত হতে হবে এবং শ্ব সংস্থা দ্বারা নির্বাচিত নোডাল অফিসারের কাছে এর স্বপক্ষে প্রয়োজনীয় নির্থিপত্র হার্ড ফর্মে পেশ করতে হবে। দাবি যাচাইকরণের পরে, সংস্থা IEPF কর্তৃপক্ষের কাছে দাবির বিষয়ে নিশ্চিতকরণ করে যে তারপরে দাবিদারকে ইলেকট্রনিক স্থানান্তরের মাধ্যমে তার সংযুক্ত ব্যাংক অ্যাকাউন্টে ফেরত্ দেবার প্রক্রিয়া শুরু করে। যদি শেয়ারের অর্থের জন্য দাবি হয়, সেগুলি বিনিয়োগকারীর ডিম্যাট অ্যাকাউন্টে জমা পড়ে, যা দাবি ফর্মে নির্দিষ্ট করা থাকে। একজন আবেদনকারী কোন একটি আর্থিক বছরে প্রতিটিসংস্থার জন্য একটি মাত্র দাবি পেশ করতে পারেন।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.iepf.gov.in দেখুন। এটি জানা গুরুত্বপূর্ণ যে সমস্ত সংস্থাগুলিকে দাবিহীন শেয়ার এবং ডিভিডেণ্ডের বিশদ তথ্য তাদের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

২) সিকিউরিটি স্থানান্তরের জন্য ডিম্যাট বাধ্যতামূলক

SEBI অধ্যাদেশ জারি করেছে যে এপ্রিল ১, ২০১৯ থেকে তালিকাভুক্ত সংস্থাগুলির সিকিউটির স্থানান্তর কেবলমাত্র ডিম্যাট ফর্মে হবে। অন্য কথায় বলতে গেলে, যদি আপনি তালিকাভুক্ত সংস্থার শেয়ার হার্ড ফর্মে ধরে রাখেন, এবং সেগুলি অন্য কারো নামে স্থানান্তর করতে চান, আপনি সেগুলি এপ্রিল ১, ২০১৯ থেকে কেবলমাত্র ডিম্যাট ফর্মে রূপান্তর করার পরেই করতে পারবেন। এই তারিখ থেকে শেয়ার, ইত্যাদির কেবলমাত্র হস্তান্তর (অর্থাত্ শেয়ারহোল্ডারের মৃত্যুর পরে শেয়ারের হস্তান্তর) এবং নামের পরিবর্তন (অর্থাত্ শেয়ারহোল্ডারের নামের ক্রমানুসারে পরিবর্তন) যেগুলি হার্ড ফর্মে রাখা আছে, সেগুলি শেয়ার হিসাবে অনুমোদিত হবে। তাই একটি ডিম্যাট অ্যাকাউন্ট খোলা এবং যত তাড়াতাড়ি সম্ভব আপনার শেয়ারগুলিকে ডিম্যাটে রূপান্তর করা লাভজনক হবে।





৩) অ-তালিকাভুক্ত পাব্লিক সংস্থাগুলির জন্য ডিম্যাট বাধ্যতামূলক

কর্পারেট বিষয়ক মন্ত্রালয় (MCA) সেপ্টেম্বর ১০, ২০১৮-এ একটি বিজ্ঞপ্তি জারি করেছে যেই অনুসারে অ-তালিকাভুক্ত পাব্লিক সংস্থাগুলির ডিপোজিটারি সিস্টেমে অংশগ্রহণ করার প্রয়োজন আছে এবং ডিম্যাটের জন্য তাদের শেয়ারগুলি উপলব্ধ করে। এই সংস্থাগুলি দ্বারা আবার শেয়ার ইস্যু করাও কেবলমাত্র ডিম্যাট ফর্মে সম্ভব। উভয় প্রয়োজনীয়তা অক্টোবর ২, ২০১৮ থেকে কার্যকর করা হয়েছে। বিনিয়োগকারীর দৃষ্টিভঙ্গিতে, এরকম অ-তালিকাভুক্ত সংস্থায় তাদের শেয়ারগুলির ডিম্যাট ফর্মে রূপান্তর করা এবং সংশ্লিষ্ট সুবিধাপ্রাপ্ত হওয়া এখন সম্ভব হবে। এটি লক্ষ্যণীয় যে যদি আপনার ইতিমধ্যেই একটি ডিম্যাট অ্যাকাউন্ট থেকে থাকে, এই শেয়ারগুলি ধরে রাখার জন্য আপনার আরেকটি ডিম্যাট অ্যাকাউন্ট খোলার দরকার নেই। আপনার কাগজের আকারে থাকা শেয়ারগুলি সেই একই ডিম্যাট অ্যাকাউন্ট ডিম্যাট ফর্মে রূপান্তরিত করা যাবে, যদি মালিকানার ধরণ একই থাকে।

৪) বিনিয়োগকারী সচেতনতা কর্মসূচী

NSDL সারা দেশে বিনিয়োগকারী সচেতনতা কর্মসূচি সংগঠিত করে থাকে। এই ধরণের কর্মসূচীর সময়সূচী https://nsdl.co.in/Inestor-Awareness-Programmes.php-4 উপলব্ধ হয়। যদি আপনি আপনার শহরে, হাউসিং সোসাইটি, কলেজ, প্রতিষ্ঠান, ইত্যাদিতে বিনিয়োগকারী সচেতনতা কর্মসূচী সংগঠিত করতে চান, আমাদের কাছে info@nsdl.co.in – এলিখুন।

৫) অভিযোগ সমাধান

যদি ডিম্যাট অ্যাকাউন্টের বিষয়ে আপনার কোন অভিযোগ থাকে, অনুগ্রহ করে আমাদের relations@nsdl.co.in-এ লিখুন বা আপনি SEBI-কে অনলাইনে -কে অনলাইনে https://scores.gov.in/scores/Welcome.html—এঅভিযোগ দায়ের করতে পারেন।

৬) NDML-এর অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা, NSDL-এর 100% অধীনস্থ সংস্থা

- I) NSR (জাতীয় দক্ষতা রেজিস্ট্রি)- NSR হল বর্তমান এবং সম্ভাব্য ভারতীয় IT & ITeS/BPO শিল্পের কর্মীদের বিষয়ে একটি ওয়েব-ভিত্তিক সিস্টেম হোস্টিং তথ্য। এটি হল N A S S C O M একটি প্রচেষ্টা। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে <u>https://nationalskillsregistry.com/</u>দেখুন।
- II) KYC নিবন্ধন রেজিস্ট্রিঃ বিনিয়োগকারীদের কেন্দ্রীভূত KYC রেকর্ড আপলোড এবং ডাউনলোড করুন। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে https://kra.ndml.in দেখুন।
- III) জাতীয় অ্যাকাডেমিক ডিপোজিটারি (NAD) ডিজিটালকৃত প্রামাণিক অ্যাকাডেমিক শংসাপপত্র শিক্ষার্থী, যাচাইকারী এবং অ্যাকাডেমিক প্রতিষ্ঠানগুলি দেখতে পারে। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে https://nad.ndml.in/ দেখুন।
- IV) NIR অ্যাকাউন্ট (ই-বীমা অ্যাকাউন্ট)- NDML ভারতীয় বীমা নিয়ন্ত্রক এবং উন্নয়ন কর্তৃপক্ষ (IRDAI)-এর পক্ষে একটি বীমা রিপোজিটারী (আধার) স্থাপন করেছে। এটি ইলেকট্রনিক ফর্মে একটি একক ই-বীমা অ্যাকাউন্টে (ই-IA) সমস্ত প্রকারের বীমপত্র ধরে রাখার সুবিধা প্রদান করে এবং বীমাকৃত ব্যক্তিকে একটি এক লগিংয়েই সমস্ত বীমাপত্রগুলিকে দেখার সুযোগ দেয়। এই অ্যাকাউন্ট বিনামূল্যে খোলা যায়। আরো তথ্যের জন্য https://www.nir.nndml.in দেখন।





NATIONAL SECURITIES DEPOSITORY LIMITED



মতামত ফর্ম

(যদি আপনি আমাদের বিনিয়োগকারী সচেতনতা কর্মসূচীতে অংশগ্রহণ করেন এই ফর্মের ব্যবহার করতে হবে)

তারিখ 🗅 🗚 📉	ΥY		1 –					
বিশদ কর্মসূচী	খারাপ	সন্তোষজনক	ভাল	উত্তম				
চর্মসূচীর জন্য ব্যবস্থাপনা আপনার কর্মন লেগেছে?								
প্রদন্ত উপাদানগুলির মান								
†শিক্ষকের বৈঠক ১-এর মূল্যায়ন	ı - নামঃ	,		į.				
এ. বিষয় জ্ঞান								
বি. যোগাযোগ এবং উপস্থাপনা								
সি. দ র্শ কদের সাথে পারস্পরিক যোগাযোগ								
প্রশিক্ষকের বৈঠক ২-এর মূল্যায়	ন - নামঃ							
এ. বিষয় জ্ঞান								
বি. যোগাযোগ এবং উপস্থাপনা								
সি. দ র্শ কদের সাথে পারস্পরিক যোগাযোগ								
-আপনি কিভাবে এই বিনিয়ে অনুগ্রহ করে প্রযোজ্য বক্সে □ ই-মেল □ এসএমএস -কর্মসূচীকে আরো ভাল করা	টিক দিন।	গজ □ অন্যা	4 I					
যদি আপনি আমাদের নিউড অনুগ্রহ করে আপনার ইমেণ	নলেটার 'The । ন আইডি উল্লে	Financial Kaleid বুখ কৰুন	oscope' পে	তে ইচ্ছুক				
-UNI		ाजाहे <i>ल</i> उ॰						

NATIONAL SECURITIES DEPOSITORY LIMITED



(অনুগ্রহ করে এই ফর্মটি পূরণ করুন এবং আমাদের দিন/পাঠান।) ১) আপনার কি কোন ডিম্যাট অ্যাকাউন্ট আছে? □ হ্যাঁ □ না ২) যদি না হয়, তাহলে কি আপনি একটি ডিম্যাট অ্যাকাউন্ট খুলতে চান? □ হ্যাঁ □ না ৩) যদি হ্যাঁ হয়, তাহলে কি আপনি চাইবেন যে আমাদের DPগুলির মধ্যে একজন একটি ডিম্যাট খোলার জন্য আপনার সাথে যোগাযোগ করুন? ⊓ হ্যাঁ ⊓ না ৪) আপনি কি অবগত আছেন যে আপনি আপনার মিউচ্যুয়াল ফাণ্ডের সনদপত্রগুলিকে ডিম্যাট ফর্মে রূপান্তর করতে পারেন? □ হ্যাঁ □ না ৫) আপনি কি জ্ঞাত আছেন যে আপনি ডিম্যাট ফর্মে সরাসরি মিউচ্যুয়াল ফাণ্ড সনদপত্র কিনতে পারেন? □ হ্যাঁ □ না ৬) আপনি কি অবগত আছেন যে NSDL ডিম্যাটে রক্ষিত আপনার সমস্ত বিনিয়োগ এবং মিউচ্যুয়াল ফাগু সনদপত্রের বিশদ তথ্যের বিষয়ে একটি সুসংহত অ্যাকাউন্ট বিবরণ পাঠায়? □ হ্যাঁ □ না

NSDL-এর বিনিয়োগকারী কেন্দ্রিক পণ্যসামগ্রী এবং পরিষেবাসমূহ

I)IDeAS

অনলাইনে বিনিয়োগকারীদের আপডেটেড হোল্ডিং এবং মূল্য দেখা। QR কোড স্ক্যান করুন অথবা নীচের লিংকটি দেখুন

https://eservices.nsdl.com/



II)NSDL মোবাইল অ্যাপ

যেকোন সময়, যেকোন স্থানে শেয়ার বিবরণ দেখার জন্য মোবাইল অ্যাপ চালু আছে। অ্যাপটিকে ডাউনলোড করার জন্য QR কোডটিকে স্ক্যান করুন।

গুগল প্লে স্টোর এবং অ্যাপল অ্যাপ স্টোরে উপলব্ধ আছে।



প্লে স্টোরের জন্য

https://play.google.com/store/apps/details?id=com.msf.NSDL.Android

অ্যাপ স্টোরের জন্য

https://itunes.apple.com/in/app/nsdl/id922834763?mt=8





III)ন্যাশানাল ইন্সুরেন্স রিপোজিটারি (NIR)

সমস্ত বীমাপত্র ধরে রাখার জন্য বিনামূল্যে ই-বীমা অ্যাকাউন্ট অর্থাত্ একক স্থানে জীবন সহ এবং জীবন-ব্যতীত।



আজই একটি বিনামূল্যে ই-বীমা অ্যাকাউন্ট খুলুন! QR কোড স্ক্যান করুন অথবা নীচের লিংকটি দেখুন

https://nironline.ndml.in/NIR/onlineEiaApplicationFormEkyc.html

IV) ন্যাশানাল অ্যাকাডেমিক ডিপোজিটারি (NAD) অ্যাকাডেমিক শংসাপত্র দেখার জন্য বিনামূল্যে শিক্ষার্থী অ্যাকাউন্ট আজই বিনামূল্যে একটি NAD অ্যাকাউন্ট খুলুন! QR কোড স্ক্যান করুন অথবা নীচের লিংকটি দেখুন



https://nad.ndml.in/NAD/newStudentRegistrationScreen.html

	ে নাডস্																																															
×		-	-	-	-	-				-	-				-	-	-	 	-	-	-	-	 	 -	-	-	 		-	-	 		-	-	 	-	-	 	-		 -	-	 	-	 	 -	D.	
24		_	-	_	_	_				_	-				_	-	_	 	-	-	_	_	 	 	_	-	 		-	-	 		-	-	 	-	_	 	-		 	_	 	_	 	 -	1	ŕ
b		_	_	_	_	_				_	_				_	_	_	 	-		_	_	 	 	_	_	 			_	 			_	 		_	 	_		 	_	 	_	 	 _	-	
,																																															1	
1		_	_	_	_	_				_	_				_	_	_	 			_	_	 	 	_	_	 			_	 			_	 		_	 _	_		 		 	_			>	1
,																																																
7	A.	-	-	-	-	-			-	-	-				_	_	-	 	_	-	-	-	 -	 -	_	_	 	-	-	-	 	-	-	-	 -	-	_	 -	-	-	 -	-	 	-	 		\$	þ

B | | # | # | B





মুখ্য অফিস

মুম্বাই

৪র্থ তল, 'এ' উইং, ট্রেড ওয়ার্ল্ড, কমলা মিলস্ কম্পাউণ্ড, সেনাপতি বাপত মার্গ, লোয়ার প্যারেল, মুম্বাই – ৪০০০১৩ টেলিঃ (০২২) ২৪৯৯ ৪২০০ ইমেলঃ info@nsdl.co.in

শাখা অফিসসমূহ

আহমেদাবাদ

৪০২, ৪র্থ তল, হেরিটেজ হরাইজন, অফ সি.জি.রোড, নভরঙ্গপুরা, আহমেদাবাদ-৩৮০০০৯, টেলিছ (০৭৯)২৬৪৬ ১৩৭৫

বেঙ্গালুরু

অফিস নং ১০৬, ডিবিএস হাউস, ২৬, কানিংহাম রোড, বেঙ্গালুরু – ৫৬০০৫২ টেলিঃ (০৮০) ৪০৪০৭১০৬

চেন্নাই

৬এ, ৬ষ্ঠ তল, কেনসেস টাওয়ার্স, # ১ রামকৃষ্ণ স্ট্রীট, নর্থ উসমান রোড, টি নগর, চেন্নাই – ৬০০০১৭. টেলি: (০৪৪) ২৮১৪ ৩৯১১/ (০৪৪) ২৮১৪ ৩৯১৭

হায়দ্রাবাদ

অফিস নং ১২৩, হায়দ্রাবাদ রেগাস মিড-টাউন, ১ম থল, মিড টাউন প্লাজা, রোড নং.১, বাঞ্জারা হিলস্, হায়দ্রাবাদ – ৫০০০৩৩, টেলিঃ (০৪০) ৪৪৩৩ ৪১৭৮

কোচি

সুইট নং.৫ – ১০৫, মনল্যাশ বিজনস সেন্টার, ৪র্থ তল, ক্রেসেনস্ টাওয়ার, এনএইচ ৪৭, চাঙ্গাসপুজহা নগর পোস্ট, কোচি – ৬৮২০৩৩, টেলিঃ (০৪৮৪) ২৯৩৩ ০৭৫

কলকাতা

ইউনিট ২ই, ২য় তল, দি মিলিনেয়াম, ২৩৫২/এ, এ.জে.সি.বোস রোড, কলকাতা-৭০০০২০, টেলিঃ (০৩৩) ২২৯০ ৪২৪৩/ (০৩৩) ২২৯০ ৪২৪৬

নিউ দিল্লী

ইউনিট নং ৬০১, ৬০৩, ৬০৪, ৬ষ্ঠ তল, টাওয়ার-এ, নৌরং হাউস, কস্তুরবা গান্ধী মার্গ, কনট প্লেস, নিউ দিল্লী – ১১০০০১, টেলঃ (০১১)২৩৩৫ ৩৮১৪/ (০১১) ২৩৩৫ ৩৮১৫

বিনিয়োগকারী সম্পর্ক সেল ইমেলঃ relations@nsdl.co.in

বিনিয়োগকারী হেল্পলাইন (টোল ফ্রী)- ১৮০০ ২২২ ৯৯০ www.nsdl.co.in November - 2019